একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মাদারগঞ্জ, জামালপুর।

www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৪-৪২৭ তারিখ : ২৫ জুন ২০২৪ খ্রি:

## নোটিশ

জুলাই/২৪ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৩.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৪.০৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৩.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৩.১৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৩.২০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ১১.০৭.২৪ খ্রি: | বিকাল ০৩.২৫ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ১০.০৭.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২৫/৬/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.......................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

১। মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

আগস্ট/২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফাইযুল ওয়াসীমা নাহাত, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ২০ আগস্ট ২০২৪ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**
**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতে মেডিক্যাল অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২৪ মাসে এ উপজেলায় ১৩,৮৭০ জনকে বহিঃ বিভাগে সেবা, ২৭৬৬ জন জরুরী বিভাগে সেবা, ৮০৫ অন্তঃ বিভাগ সেবা, ১০৩ জন হাসপাতালে ডেলিভারী, ১৯৮২ জন (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ৬০% ইপিআই টিকা (জানুয়ারী/২৪ থেকে জুলাই/২৪) পর্যন্ত এবং ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ৩৭,৫৪৪ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>জুলাই/২৪ মাসের<br>(ক) ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২/২০২৪-২৫ মৌসুমে মাসকালাই এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ উপজেলায় প্রণোদনা হিসেবে ৭০ জন কৃষককে বিনামূল্যে মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণের জন্য বরাদ্দ দেয়া হয়েছে।<br>খ) শ্যামগঞ্জ কালিবাড়ী এবং মোসলেমাবাদ এ দুটি ও কোয়ার্টার সংস্কার করা অতীব জরুরী। সেজন্য দুটি ভবনের প্রাক্কলন করা প্রয়োজন। | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কার্যপত্র আলোচনা সম্ভব করা হয়নি এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>১। উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, বিগত ২০২৪ সালের বন্যা এবং সম্প্রতি অতি বৃষ্টি জনিত কারনে নিম্ন বর্ণিত রাস্তা সমূহের ব্যাপক ক্ষতি সাধিত হওয়ার ফলে জনগন এবং যানবাহন চলাচলের ব্যাপক দুর্ভোগ পোহাতে হচ্ছে। জনগন এবং যানবাহন চলাচলের স্বার্থে নিম্নবর্ণিত রাস্তাগুলি জরুরী মেরামত করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) উন্নয়ন সহায়তা তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত গৃহীত হইল। কাজ দ্রুত বাস্তবায়নের স্বার্থে প্রাক্কলন প্রস্তুতসহ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। । এখানে উল্লেখ্য যে, নিম্নে উল্লেখিত প্রকল্পসমূহ পরবর্তীতে ২০২৪-২০২৫ অর্থ বছরের সমন্বিত গৃহীত তালিকার সাথে সমন্বয় হবে ।<br>ক। i) সুখনগরী তারতাপাড়া রোড (তালতলা মোড়) ii) জোনাইল কয়ড়া ইউজেড আর (বউ বাজার) - ঝিলকাটি ভায়া পূর্ব সুখনগরী এবং iii) চর পাকেরদহ কালারবাড়ী মোড়- নব্যচর রোড় জরুরী মেরামত। টাকা= ৬,০০,০০০/=<br>খ। i) সুখনগরী তারতাপাড়া রোড়ে ব্রীজের এ্যাপ্রোচ, ii) চরপাকেরদহ ইউপি-ঝাঁড়কাটা বাজার রোড়, iii) গুনারীতলা ইউপি-গুনারীতলা বাজার রোড় এবং iv) গুনারীতলা ইউপি-মিলন বাজার রোড় জরুরী মেরামত। টাকা= ৬,০০,০০০/=<br>গ। তিনি আরও জানান জামালপুর জেলাধীন মাদারগঞ্জ উপজেলা পরিষদের সীমানা না থাকায় পরিষদ অরক্ষিত অবস্থায় রয়েছে। জনগণের অবাদ বিচরণ রোধে এবং সার্বিক নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। উক্ত সীমানা প্রাচীরের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪২,৮৯,৬১৮.০০ (বিয়াল্লিশ লক্ষ উননব্বই হাজার ছয়শত আঠারো টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(ঘ) এছাড়া তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা কৃষি অফিসের সামনে পুরাতন ভবন নিলামে বিক্রয়ের প্রস্তাব করেন। | (ক-ঘ) উক্ত প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানায় সভায় জানান যে, জুলাই/২০২৪ মাসের তাঁর দপ্তরের ২৮০৯ টি কৃত্রিম প্রজনন ও ৩৪৯ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ১৫৫৭ টি গবাদিপশু ও ১৯০৩৭ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাসমুরগী টিকা প্রদান ৩০০০০ মাত্রা, গবাদি পশু ৫৩৪০ মাত্রা এবং রাজস্ব আদায় ৭২,৭০০/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান জুলাই/২০২৪ মাসে আগত মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ (৩০ জুলাই থেকে ৫ আগস্ট) যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও পোনামাছ অবমুক্ত করা হবে। চলতি মাসের শেষ দিকে পোনা মাছ অবমুক্ত করা হবে, মৎস্য সম্পদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যাহত রয়েছে, মাছের নিরাপদ খাদ্য বিক্রির লক্ষ্যে মৎস্য খাদ্যের দোকান লাইসেন্স করার তাগিদ/নির্দেশ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৬. উপজেলা শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতে সহকারী উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এ উপজেলায় বন্যার কারণে যেসকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ ছিল সেইসব প্রাথমিক বিদ্যালয়গুলোতে পাঠদানের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>জুলাই/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০২ জন, আইইউডি ১৩ জন, ইমপ্ল্যান্ট ৫৫ জন, ইনজেকশন ৩৪৫ ভায়েল, খাবারবড়ি সুখী ২৩২৪ চক্র, ইসিপি ২১ জন এবং ১৪ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কার্যপত্র আলোচনা সম্ভব করা হয়নি এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি এবং সভায় অনুপস্থিত ছিলেন। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুলাই/২০২৪ মাসে<br>(ক) ভাতা ভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>খ) বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী এবং প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য ভাতাভোগীদের নগদ একাউন্টের মাধ্যমে নির্বিঘ্নে ভাতা পেতে পিনকোড ও অটিপি শেয়ার না করার জন্য সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম চলমান।<br>গ) ০৮ জন ব্যক্তিকে প্রতিবন্ধি জরিপের আওতায় আনয়ন।<br>ঘ) ৩,৬১,০০০ (তিন লক্ষ একষট্টি হাজার ) ক্ষুদ্র ঋণ এর মূল বিনিয়োগ করা হয়।<br>ঙ) ১১জন রোগীর মাঝে বিনামূল্য ঔষধ ও পথ্যাদি বিতরণ।<br>চ) ২৯ জন ক্যান্সারসহ ৬ টি জটিলরোগে আক্রান্ত ব্যক্তির আবেদন জেলায় প্রেরণ। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২০২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৬,৫০,০০০/-বিতরণ ৪,৬৯,৫০০ টাকা, খেলাপী ঋণ আদায় ১৫,০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৭৬,০০০/- টাকা। ২০১০ সালের ৩০ জুনএর পূর্বে বিতরণকৃত খেলাপী ঋণের ০১ বছরের সেবামূল্যসহ পরিশোধের সময়সীমা শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি:। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুলাই/২৪ মাসের উপজেলা ওয়ারী (টিআর) ৩৩ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৫৬,০৮,৩১৪/৯২, ব্যয়িত ৫৬,০৮,৩১৪/৯২ অগ্রগতি ১০০%, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক-৩৬ টি (১ম পর্যায়) ৫৭,৪১,৬৬৬/৬৬, ব্যয়িত টাকা ৫৭,৪১,৬৬৬/৬৬ অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলা ওয়ারী ০২ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৬১৪৬০১/৭৬, ব্যয়িত ৬১৪৬০১/৭৬, অগ্রগতি ৫০%, (টিআর) জেলা হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৫০,০০০/-, ব্যয়িত ১,৫০,০০০/-, অগ্রগতি ১০০%, (টিআর) বিভাগীয় কমিশনার হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৯১,২৫০/, ব্যয়িত ১,৯১,২৫০/-, অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলাওয়ারী (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,১৭,১৬২/১০, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তি (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,৯১,৬৬৬/৫০, কাবিখা/কাবিটা উপজেলাওয়ারী-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) বরাদ্দকৃত অর্থ ৭১,০৬,৩০৪/২৮, ৩৪.২৮৪৭ (চাল), ৩৪.২৮৪৭ (গম), কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) ৬৭,৫০,০০০/-, ৩১.৫০০ মেঃটন (চাল), ৩১.৫০০ মেঃটন (গম), কাবিখা/কাবিটা উপজেলা ওয়ারী (২য় পর্যায়) ৩৪.২৫৯৭ মেঃটন, কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক (২য় পর্যায়) ৩১.৫০০ মেঃটন চাল, ৩১.৫০০ মেঃটন গম, ইজিপিপি ২৮৭৩ জন উপকারভোগী, এইচবিবি করণ ০৯ টি, বীজ ১৪ টি অগ্রগতি হার ৫০% (কাজ চলমান)। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মাদারগঞ্জ উপজেলার বিভিন্ন সমবায় সমিতির গ্রাহকের পাশবহি ইতোমধ্যে তার কার্যালয়ে জমা হয়েছে। আল-আকাবা সমবায় সমিতি ডিসেম্বর/২০২৪ মাসের মধ্যে গ্রাহকের অর্ধেক টাকা ফেরত প্রদান করবে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাযথসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর উপজেলা পরিষদে সাবমার্জিবল পাম্প স্থাপনের জন্য ৪,২৮২৩৯ (চার লক্ষ আটাশ হাজার দুইশত উনচল্লিশ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। | সাবমার্জিবল পাম্প স্থাপনের জন্য ৪,২৮২৩৯ (চার লক্ষ আটাশ হাজার দুইশত উনচল্লিশ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ এবং উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুলাই/২৪ মাসের মোট ২৫০০/-( দুই হাজার পাঁচশত) টি বিভিন্ন প্রজাতির চারাগাছ মাননীয় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের তালিকা মতে বিনামূল্য গাছ বিতরণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |

<table>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td><u>২২. পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি।</td><td>পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ এবং উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>মাদারগঞ্জ, জামালপুর।</td></tr>
<tr><td><u>২৩. ফায়ার সার্ভিস বিভাগ:</u><br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২৪ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স</td></tr>
<tr><td><u>২৪. তথ্য আপা প্রকল্প:</u><br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি।</td><td>পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ এবং উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>তথ্য সেবা কর্মকর্তা<br>মাদারগঞ্জ, জামালপুর।</td></tr>
<tr><td><u>২৫. ইসলামিক ফাউন্ডেশন:</u><br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যক্রম পাওয়া যায়নি।</td><td>পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানান।</td><td>ফিল্ড সুপারভাইজার<br>ইসলামিক ফাউন্ডেশন<br>মাদারগঞ্জ, জামালপুর</td></tr>
<tr><td><u>২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):</u><br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যক্রম পাওয়া যায়নি।</td><td>পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানান।</td><td>(ক) ইউডিএফ (ইউজিডিপি)</td></tr>
<tr><td><u>২৭. বিবিধ:</u><br>বীর মুক্তিযোদ্ধা আবু বক্কর সিদ্দিক, মাদারগঞ্জ উপজেলায় সমাজসেবা অফিস কর্তৃক বিভিন্ন ভাতাভোগীদের অটিপি শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট ভাতাভোগীদের সচেতন করার নিমিত্ত প্রচারনার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, বালিজুড়ী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর ইউনিয়নে জুন/২৪ থেকে জুলাই/২৪ মাস পর্যন্ত বন্যায় বিভিন্ন রাস্তাঘাট ক্ষতিগ্রস্থ হওয়ায় এগুলো মেরামত করা।<br><br>চেয়ারম্যান, জোড়খালী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান , তাঁর ইউনিয়নে কোন দূর্ঘটনা ঘটেনি।<br><br>চেয়ারম্যান, আদারভিটা ইউনয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান , তাঁর ইউনিয়নে কিছু কিছু জায়গা যেমন-কয়ড়া বাজারে ভাঙচুর হয়।<br><br>চেয়ারম্যান, গুনারীতলা ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সবার সাথে সমন্বয় করে ভালোভাবে থাকার জন্য চেষ্টা করছি।<br><br>চেয়ারম্যান, সিধুলী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, প্রত্যকটা ইউনিয়নে পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ জানান।<br><br>জনাব সাইদুর ইসলাম, গ্রাম আদালত সমন্বয়কারী সভায় জানান চেয়ারম্যান, বর্তমান অবস্থা স্বাভাবিক হলে ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর এবং উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সহযোগিতায় গ্রাম আদালতের কার্যক্রম ভালোভাবে চলবে।<br><br>রাজস্ব তহবিলের জুলাই/২৪ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>চেয়ারম্যান মহোদয়ের সম্মানী</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>ভাইস চেয়ারম্যানের সম্মানী</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী</td><td>২৭,০০০/-</td></tr>
<tr><td>আপ্যায়ন</td><td>২৯,৯৮৮/-</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় জুলাই/২৪ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১,৭৮,৯৮৩ /- (এক লক্ষ আটাত্তুর হাজার নয়শত তিরাশি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর<br>৪। উপজেলা নির্বাহী অফিসার, ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর</td></tr>
</table>

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর
জুলাই/২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রায়হান রহমতুল্যাহ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ১১ জুলাই ২০২৪ খ্রি: |
| সময় | : | বিকাল ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**
**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি ষষ্ঠ উপজেলো পরিষদ নির্বাচন-২০২৪ এর নির্বাচিত হয়ে শপথ গ্রহণ করার পর আজকের উপজেলা পরিষদ প্রথম সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর প্রতিনিধি সভায় জানান যে, জুলাই/২৪ মাসে এ উপজেলায় বর্হিঃ বিভাগে সেবা প্রাপ্তি ১০৭৭৯, জরুরী বিভাগ সেবা প্রাপ্তি ১৯৭৫, অন্তঃ বিভাগ ৭৭১ জন, হাসপাতালে ডেলীভারী ১০২ জন, এএনসি সেবা প্রাপ্তি ৫২৪, পিএনসি সেবা প্রাপ্তি ১৪০, এনসিসিড কর্ণার সেবা প্রাপ্তি ১,৬০৪ জন, আই এম সি আই (০-৫) বছর বয়সী শিশুর সেবা ২১৬৪, মোবাইল ফোনে সেবা ৩৩৬১ জন, ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ৩৭৫০২, ডেঙ্গু অদ্যাবদি ২৩ জন । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২৪ মাসে তাঁর দপ্তরে<br>ক) ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২ ২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ধান বীজ ও রাসায়নিক সার বিতরনের যে কার্যক্রম তা চলমান রয়েছে। গত ৩০/০৬/২৪ তারিখ পর্যন্ত ১১৩১ জন উপকারভোগীকে উপকরণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩৬৯ জনকে উকরণ দেওয়ার কাজ এ সপ্তাহে শেষ হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২৪ মাসে তাঁর দপ্তরে মাদারগঞ্জ উপজেলাধীন কুমারপাড়া- নলছিয়া সড়কটি (আইডি-৩৩৯৫৮৪০০৫) আইডিভূক্ত গেজেটেড সড়ক যা VR-A এর অন্তর্ভূক্ত। উক্ত রাস্তাটি স্থানীয় সরকার বিভাগের অধীন এলজিইডি এর অধিভূক্ত "জামালপুর জেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের" আওতায় অনুমোদিত এবং তালিকাভূক্ত। উক্ত প্রকল্পের আওতায় অত্র উপজেলায় বিভিন্ন ইউনিয়নে কাঁচা রাস্তা সমূহ BC দ্বারা পাকা করনের কার্যক্রম চলামান এবং দ্রুততম সময়ে উল্লেখিত প্রকল্পের রাস্তা সমূহ সমাপ্ত করনের নির্দেশনা রয়েছে কারন প্রকল্পের মেয়াদকালীন সময়ে ইহা সমাপ্ত করা বাধ্যতামূলক। এ প্রেক্ষিতে, মাদারগঞ্জের সমস্ত কাঁচা রাস্তা সমূহ যথাসময়ে পাকা করনের ব্যাপারে মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা রয়েছে। ফলশ্রুতিতে, উক্ত রাস্তাটির দাপ্তরিক নিয়ম অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত পূর্বক যথানিয়মে টেন্ডার সম্পাদন পূর্বক এটির নির্মাণ কাজ দ্রুত অগ্রগতির স্বার্থে প্রাক্কলন প্রেরণ করা প্রয়োজন। উক্ত রাস্তাটিতে ইতিপূর্বে প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক HBB দ্বারা উন্নয়ন করা হয়েছে যাহা বর্তমানে BC দ্বারা উন্নয়ন করার লক্ষ্যে যথাযথ ভাবে প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। উক্ত HBB এর উদ্বৃত ইট সমূহ প্রাক্কলন প্রস্তুতের নিয়ম অনুযায়ী Salvage এর অন্তর্ভূক্ত করা হইবে যাহা যথাযথভাবে নির্বাচিত ঠিকাদারের বিল হইতে বাধ্যতামূলক ভাবে কর্তনযোগ্য।<br>খ) তিনি আরও জানান যে, বর্তমানে কোন ব্রীজ/রাস্তা নির্মাণ/উন্নয়ন করতে হলে সরকারি বিধি মোতাবেক Road Inventory তে অন্তর্ভূক্তি থাকতে হয়। মাদারগঞ্জ উপজেলার ''পরিশিষ্ট ক" এ বর্ণিত ১২ (বার) টি রাস্তা (মোট দৈর্ঘ্য=২৪.০৫ কি:মি: Road Inventory তে অন্তর্ভূক্তি না থাকায় নির্মাণ/উন্নয়ন কাজ বাস্তবায়ন সম্ভব হইতেছে না। ভবিষৎতে উন্নয়ন পরিকল্পনার লক্ষ্যে "পরিশিষ্ট ক" এ উল্লিখিত ১২ (বারো) টি রাস্তা (মোট দৈঘ্য=২৪,০৫ কি: মি: Road Inventory তে অন্তভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা প্রদান করিয়াছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ১২ (বার) টি রাস্তা (মোট দৈঘ্য=২৪.০৫ কি:মি Road Inventory অন্তর্ভূক্তি সিদ্ধান্ত সর্ব সম্মাতিক্রমে অনুমোদিত গৃহীত হইল। | | |

| | | |
|---|---|---|
| গ) তিনি আরও জানান উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার, নন গেজেটেড-কোয়ার্টার ও ডরমিটরীতে অবস্থানকারী কর্মকর্তা ও কর্মচারীগণের বাসা ভাড়া পরিশোধ সংক্রান্ত কোন সঠিক তথ্য উপাত্ত না পাওয়া সরকারের রাজস্ব ক্ষতি হচ্ছে অপরদিকে উপজেলার রাজস্ব আয় সংক্রান্ত হিসাবের জটিলতা সৃষ্টি হচ্ছে। বাসা বরাদ্দ ও ভাড়া নির্ধারনের বিষয়ে সিদ্ধান্ত করা প্রয়োজন। উপরোক্ত বাসা বরাদ্দ ও ভাড়া নির্ধারণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বলা হয় যে, উপজেলা পরিষদের বাসাগুলো ১৯৮০-৮৫ সালে বিভিন্ন সময়ে নির্মিত। চাহিদা অনুয়ায়ী প্রর্যাপ্ত বরাদ্দ না পাওয়ায় বাসা গুলো বিভিন্ন সময়ে মেরামত/সংস্কার করা হলেও বসবাসের জন্য মান সম্মত নয়। উপর্যুপরি উপজেলা পরিষদের বাহিরে ব্যক্তিগত বাসা স্বল্পতা থাকার দরুন সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের অধিকতর জনসেবা দেওয়ার স্বার্থে কষ্ট-শিষ্টে উপজেলা কোয়ার্টারে বসবাস করেছেন। বাড়ী ভাড়া কর্তন সাপেক্ষ্যে বরাদ্দ প্রদান করা হলে উক্ত বাসায় কেউ বরাদ্দ গ্রহণ করবে না। ফলে উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহ অরক্ষিত হওয়ায় সম্ভবনা থাকবে। তাই সার্বিক দিক বিবেচনায় অবস্থান কালীন সময় থেকে গেজেটেড কোয়ার্টারের প্রতি ফ্ল্যাট প্রতি মাসের ভাড়া ৪০০০.০০ (চার হাজার টাকা), উপজেলা পরিষদের অন্যান্য নন-গেজেটেড কোয়ার্টারে অবস্থানকারী ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীগণের নামে বরাদ্দকৃত বাসা ভাড়া মাসিক ৩০০০.০০ (তিন হাজার) টাকা, উপজেলা পরিষদের ডরমিটরীতে বসবাসকারী কর্মচারীগণের নামে বরাদ্দকৃত প্রতি রুম ভাড়া ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা, মহিলা শিক্ষক হোস্টেলে প্রতি রুম ১০০০.০০ (এক হাজার) টাকা, উপজেলা পরিষদ সভাকক্ষ ভাড়া বাবদ ১০০০/- (এক হাজার) এবং খরকা হলরুম ভাড়া বাবদ ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।<br>ঘ) তিনি আরও জানান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর-এ নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভনটির দীঘ দিন যাবৎ মেরামত না করায় স্যাঁত স্যাঁতে অবস্থা বিরাজ করছে। বসবাস উপযোগী করার লক্ষ্যে জরুরী মেরামত করার প্রয়োজন এবং বসবাস উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র সরবরাহ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ব্যায় নির্বাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত গৃহীত হলো। বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরন বাবদ ৪,৭০,০০০/-(চার লক্ষ সত্তুর হাজার) টাকা এবং আসবাবপত্র ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। | (ক-খ) উক্ত প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো। পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুন/২০২৪ মাসের তাঁর দপ্তরের ৫১০ জন প্রশিক্ষণ, ২৮০৯ টি কৃত্রিম প্রজনন ও ৩৪৯ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ২২০১ টি গবাদিপশু ও ২৮০০৩ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং রাজস্ব আদায় ২,৩৮,৯০৫/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান জুন/২০২৪ মাসে আগত মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, মৎস্য সম্পদ উন্নয়ন ও সুরক্ষার জন্য বিভিন্ন বাজারে/নদীতে অভিযান বাস্তবায়ন করা হচ্ছে, নিষিদ্ধ কারেন্ট জাল বিক্রি বন্ধ করার লক্ষ্যে বিভিন্ন বাজার নিয়মিত তদারকি করা হচ্ছে, মাছের নিরাপদ খাদ্য বিক্রি লক্ষ্যে মৎস্য খাদ্যের দোকান লাইসেন্স নবায়ন/নিবন্ধন এর তাগিদ দেয়া হচ্ছে। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ এ পূর্ব প্রস্তুতি মূলক বিভিন্ন কার্যক্রম করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৬. উপজেলা শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এ উপজেলায় বন্যার কারণে ৮৫ টি প্রাথমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। পানি চলে যাওয়ার পর বিদ্যালয়ের মাঠে পরিষ্কার-পরিচ্ছন্নতা করে পাঠদান উপযোগী করে তুলতে হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জুন/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০৭ জন, আইইউডি ১৮ জন, ইমপ্ল্যান্ট ১০১ জন, ইনজেকশন ৫০ জন, ইনজেকশন ০ ভায়েল, খাবারবড়ি সুখী ১২১৬১ চক্র, ইসিপি ২৯৬ জন এবং স্বাভাবিক প্রসব সেবা প্রদান ১৫ জনকে করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ৩০ জুন ২০২৪ হতে এইচএসসি-২০২৪, এইচএসসি (আলিম), এইচএসসি (ভোক) ও এইচএসসি বিএম/বিএমটি পরিক্ষা বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুন/২০২৪ মাসে | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, |

| | | |
|---|---|---|
| (ক) ক্যান্সার, কিডনীসহ ৬ টি জটিলরোগে আক্রান্ত ১৮জন রোগীর মাঝে আর্থিক অনুদানের ৯০০০০০ টাকা চেক বিতরন।<br>(খ) ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত ০৯টি এতিমখানারয় ১৯,৩২০০০/- টাকার চেক বিতরণ।<br>(গ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় ও দুস্ত ব্যক্তিদের মাঝে ঔষুধ বিতরণ করা হয়।<br>(ঘ) ৩১ জন ঋণ গ্রহীতার মাঝে ৭,২০,৫০০,/- টাকার ক্ষুদ্র ঋণ বিনিয়োগ করা হয়।<br>(ঙ) ভাতাভোগীদেরকে সচেতন করার লক্ষ্যে প্রচারণা কার্যক্রম চলমান। | করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৫,২৯,০০০/-বিতরণ ৪৬৫,০০০ টাকা, খেলাপী ঋণ আদায় ৫,৭১,০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৭৬,০০০/- টাকা। ২০০৬-০৭ অর্থবছরের ২ টি সার্টিফিকেট মামলা ২০২৩-২৪ অর্থবছরে নিষ্পত্তি হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা ওয়ারী (টিআর) ৩৩ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৫৬,০৮,৩১৪/৯২, ব্যয়িত ৫৬,০৮,৩১৪/৯২ অগ্রগতি ১০০%, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক-৩৬ টি (১ম পর্যায়) ৫৭,৪১,৬৬৬/৬৬, ব্যয়িত টাকা ৫৭,৪১,৬৬৬/৬৬ অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলা ওয়ারী ০২ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৬১৪৬০১/৭৬, ব্যয়িত ৬১৪৬০১/৭৬, অগ্রগতি ৫০%, (টিআর) জেলা হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১.৫০,০০০/-, ব্যয়িত ১,৫০,০০০/-, অগ্রগতি ১০০%, (টিআর) বিভাগীয় কমিশনার হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৯১,২৫০/, ব্যয়িত ১,৯১,২৫০/-, অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলাওয়ারী (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,১৭,১৬২/১০ ,<br>(টিআর) নির্বাচনী এলাকাভিত্তি (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,৯১,৬৬৬/৫০, কাবিখা/কাবিটা উপজেলাওয়ারী-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) বরাদ্দকৃত অর্থ ৭১,০৬,৩০৪/২৮, ৩৪.২৮৪৭ (চাল), ৩৪.২৮৪৭ (গম), কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা-নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) ৬৭,৫০,০০০/-, ৩১.৫০০ মেঃটন (চাল), ৩১.৫০০ মেঃটন (গম), কাবিখা/কাবিটা উপজেলা ওয়ারী (২য় পর্যায়) ৩৪.২৫৯৭ মেঃটন, কাবিখা/কাবিটা নির্বাচনী এলাকাভিত্তিক (২য় পর্যায়) ৩১.৫০০ মেঃটন চাল, ৩১.৫০০ মেঃটন গম, ইজিপিপি ২৮৭৩ জন উপকারভোগী, এইচবিবি করণ ০৯ টি, বীজ ১৪ টি অগ্রগতি হার ৫০% (কাজ চলমান) | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, জুন/২০২৪ মাসে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: চরভাটিয়ানী গ্রামে<br>ক) ঋণ আদায়ের পরিমাণ ৬,৭১,৩০০ টাকা, সার্ভিস চার্জ আদায়ের পরিমাণ ৪১,৩০০ টাকা ও ঋণ আদায়ের হার ১০০% ।<br>খ) নারী উন্নয়নে প্রকল্পে চলতি ঋণ আদায় ৬,০০,০০০ টাকা এবং ঋণ বিতরণের পরিমাণ ৬,০০,০০০ টাকা।<br>এছাড়া এ উপজেলায় বিভিন্ন সমবায় সমিতির গ্রাহকের তালিকা সংগ্রহের কাজ চলমান রয়েছে। | সমবায় সমিতির গ্রাহকদের তালিকা যতদ্রুত সম্ভব প্রণয়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে জুন/২০২৪ মাসে<br>(ক)ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে। ভিডব্লিউবি সুবিধাভোগীদের খাদ্য সহায়তা OTP' র (One Time passward) মাধ্যমে প্রদান করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা রয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের জানুয়ারি/২৪ হতে মার্চ/২০২৪ ৩য় ব্যাচের প্রশিক্ষণের কার্যক্রম চলমান। যা ৩১/০৩/২০২৪ ইং তারিখে সমাপ্ত হবে। ৪র্থ ব্যাচে এপ্রিল/২৪ হতে জুন/২৪ পর্যন্ত প্রশিক্ষনার্থী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>(গ)মা ও শিশু সহায়তা কর্মসূচি: উক্ত কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই/২৩ হতে জুন/২৪ পর্যন্ত ভাতাভোগী নির্বাচন করার লক্ষ্যে জানুয়ারি/২৪ মাস পর্যন্ত ০৭ টি ইউনিয়ন ও পৌরসভায় (এমআইএস) অন লাইনে ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২৪ মাসে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২৪ মাসে এ উপজেলায় 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহে' প্রকল্পের অধিনে কমিউনিটি ভিত্তিক পানি | খ) উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো। নতুন করে সার্বমাসেবল | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |

| | | |
|---|---|---|
| সরবরাহ ও লার্জড ওয়াটার পাইপ লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক ও ওয়াশ বেসিনের কাজ চলমান রয়েছে।<br>খ) তিনি আরও জানান উপজেলা পরিষদের পানিতে অতিরিক্ত আয়রন ও খোলা থাকার কারনে পানি ব্যবহার অনুপযোগী। পানির এই সমস্যা দূর করণের জন্য সার্বমাসেবল পাম্পযুক্ত নলকূপ স্থাপন করা প্রয়োজন। | পাম্পযুক্ত নলকূপ স্থাপনের জন্য প্রাক্কলন প্রস্তুতসহ মন্ত্রণালয়ের প্রেরণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | |
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, অর্থনৈতিক শুমারি/২০২৩ এর গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের জন্য যাচাই-বাছাই সম্পন্ন করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জুন/২০২৪ মাসে তাঁর দপ্তরে ওএমএস এবং খাদ্য বান্ধব কর্মসূচির ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল বিতরণ করা হবে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, এ মাসে ০১ জন সোয়েটার মেশিন, ০২ জন নকশী কাঁথা, ০২ জন মোটর ড্রাইভিংয়ে প্রশিক্ষণার্থী প্রেরন করা হয়। ০৬ জন আনসার সদস্য ঈদুল আযহার আগে ও পরে মোট ০৬ দিন আইন শৃঙ্খলা রক্ষার কাজে দায়িত্ব পালন করে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের জুন/২৪ মাসে ঋণবিতরণ ৬০.০০ লক্ষ টাকা, আদায় ৬৬.০০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৫%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে,এ উপজেলায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকা মতে মোট ২৫০০/-( দুই হাজার পাঁচশত) টি চারা গাছ বন বিভাগ হতে বিনামূল্যে বিতরণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশমতে গাছগুলো সারিবদ্ধভাবে লাগানোর জন্য ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২৪ মাসে তাঁর দপ্তরে ঋণ বিতরণ ৬৩.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ৬৭.০০ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় ৭.০০ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, জুন/২০২৪ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৪. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোনো কার্যক্রম পাওয়া যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়কে শুভেচ্ছা জানান। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) উপজেলা পরিষদের ক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি নিয়ে কাজ করে থাকে। তিনি ইউজিডিপির লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে সভায় আলোচনা করেন। তিনি উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নে আহ্বান জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |
| **২৭. বিবিধ:**<br>১) চেয়াররম্যান, চরপাকেরদহ ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর ইউনিয়নে নদী ভাঙ্গন জায়গা। ব্রীজ ও রাস্তাঘাট খুবই বিপর্জনক অবস্থায় থাকায় মেরামত করার জন্য অনুরোধ করেন।<br>২) চেয়ারম্যান, কড়ইচড়া ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর ইউনিয়নে কিছু ব্রীজ ও রাস্তাঘাট মেরামত করার জন্য বলেন।<br>৩) চেয়ারম্যান, জোড়খালী ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর চরগোলাবাড়ী | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় মে/২৪ ও জুন/২৪ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১,৪৮,৯১,০৩৯ /- (এক কোটি আটচল্লিশ লক্ষ একানব্বই হাজার উনচল্লিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর |

ব্রীজ, ফুলারপাড়া, কয়ড়া, মুকুন্দবাড়ী ঘাট সহ মোট ০৫ টি ব্রীজ উন্নয়নে অনুরোধ জানান।

৪) মহিলা ভাইস চেয়ারম্যান, মাদারগঞ্জ, জামালপুর উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুরকে শুভেচ্ছা জানান। দপ্তর প্রধানগণ, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুরসহ সকলের সহযোগিতা কাম্য করেন।

৫) ভাইস চেয়ারম্যান, মাদারগঞ্জ, জামালপুর উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুরকে শুভেচ্ছা জানান। সভায় সকলের সহযোগিতা কাম্য করেন।

৬) উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর উপজেলা পরিষদ নির্বাচনে নব-নির্বাচিত চেয়ারম্যান, জনাব রায়হান রহমতুল্যাহ; ভাইস চেয়ারম্যান, জনাব হেলালুর রহমান এবং মহিলা ভাইস চেয়ারম্যান জনাব লাইলি বেগমকে অভিন্দন এবং শুভেচ্ছা জানান।

দপ্তর প্রধানগণ, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) মাদারগঞ্জ, জামালপুরসহ আরও অন্যান্য সকলকে সমন্বয় করে কাজ করার অনুরোধ জানান। হাসপাতালে কোন দালাল চক্র থাকলে মোবাইল কোর্টে এর মাধ্যমে ব্যবস্থা নেয়া যাবে। উপজেলা পরিষদের মধ্যে ময়লা ফেলার জন্য ডাস্টবিনের ব্যবস্থা নেয়ার জন্য মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, জামালপুরকে অনুরোধ জানান। প্রকল্পের তালিকা বোর্ডে দেয়ার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ জানান। এ উপজেলা পানির অবস্থা খুবই অনুপযোগী। পানির ব্যবহার উপযোগী করার জন্য মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, জামালপুর এবং উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালকে কে অনুরোধ জানান।

রাজস্ব তহবিলের মে/২৪ ও জুন/২৪ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| গাড়ি জ্বালানী তেল খরচ | ১,৮১০০১ |
| বিদ্যুৎবিল | ৭৯,২১৫ |
| পৌর কর | ৫,৬১,৫৭৮ |
| অফিস সরঞ্জামাদি | ৫০,০০০ |
| পানির লাইন মেরামত | ২৫,০০০ |
| সোলার ব্যাটারী ক্রয় | ২৫,০০০ |
| সিসি ক্যামেরা | ৭৫,০০০ |
| উন্নয়ন তহবিলের জমা | ১,৩৮,৯৪,২৪৬ |
| মোট | ১,৪৮,৯১,০৩৯ |

সভাপতি সভায় উপজেলা পরিষদে নির্বাচিত ভাইস চেয়ারম্যান জনাব হেলালুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান জনাব লাইলি বেগম, দপ্তর প্রধানগণ এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুরসহ আরও অন্যান্য সকলকে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রায়হান রহমতুল্যাহ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

তারিখ ঃ ১১ জুলাই ২০২৪

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৪- ৪৬৫ (১)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৭। চেয়ারম্যান, . . . . . . . . . . . . ....................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৯। অফিস কপি।

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদের সভার

তাং: ২১/০৭/২৪ খ্রিঃ

| ক্র. | নাম ও পদবী | ২১.০৭.২০২৪ |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য ১৪০, জামালপুর-৩ | |
| ০২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ জামালপুর | |
| ০৪. | মেয়র, মাদারগঞ্জ পৌরসভা | |
| ০৫. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | |
| ০৬. | মহিলা ভাইস চেয়ারম্যান, " " | |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ০৮. | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ জামালপুর | |
| ৯. | উপজেলা প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মাদারগঞ্জ জামালপুর | |
| ১০. | " প্রকৌশলী " " | |
| ১১. | উপজেলা মৎস্য কর্মকর্তা " " | |
| ১২. | " শিক্ষা অফিসার " " | |
| ১৩. | " সমাজ সেবা কর্মকর্তা " " | |
| ১৪. | " মাধ্যমিক শিক্ষা অফিসার " | |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, মাদারগঞ্জ জামালপুর | | |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জামালপুর | | [signature] ১১/০৭/২৪ |
| ১৭. | " যুব উন্নয়ন কর্মকর্তা " | | [signature] |
| ১৮. | " মহিলা বিষয়ক কর্মকর্তা " " | | [signature] |
| ১৯ | " সমবায় " " " | | [signature] |
| ২০. | " প্রকল্প বাস্তবায়ন " " " | | [signature] |
| ২১. | " তথ্য ও যোগাযোগ " " " | | [signature] |
| ২২. | " সহকারী প্রকৌশলী " " " | | [signature] |
| ২৩. | " আনসার ও ভিডিপি " " " | | |
| ২৪. | " খাদ্য নিয়ন্ত্রক " " " | | [signature] |
| ২৫. | " পল্লী দারিদ্র বিমোচন " " " | | [signature] ১১/৭/২৪ |
| ২৬. | " মৎস উন্নয়ন " " " | | |
| ২৭. | " মাধ্যমিক " " " | | [signature] ১১/৭/২৪ |
| ২৮. | অফিসার ইনচার্জ " " " | | [signature] ১১.৭.২৪ |
| ২৯ | প্রকল্প অফিসার " " | | [signature] |
| ৩০ | ডাক্তার কর্মকর্তা " | | [signature] ১১/০৭/২৪ |

জুলাই/২৪

| | | |
|---|---|---|
| ৩১. | [illegible] ইসলামিয়া [illegible] | |
| ৩২. | [illegible] পল্লী বিদ্যুৎ সমিতি, মাদারগঞ্জ | [signature] |
| ৩৩. | [illegible] ইমাম সমিতি, মাদারগঞ্জ | |
| ৩৪. | উপজেলা [illegible] | [signature] |
| ৩৫. | উপজেলা [illegible] | [signature] |
| ৩৬. | [illegible] ১নং [illegible] মাদারগঞ্জ | [signature] |
| ৩৭ | " ২নং [illegible] " | [signature] |
| ৩৮ | " ৩নং [illegible] | [signature] |
| ৩৯. | " ৪নং [illegible] | [signature] |
| ৪০. | " ৫নং [illegible] | [signature] |
| ৪১ | " ৬নং [illegible] | [signature] |
| ৪২ | " ৭নং [illegible] | [signature] |
| ৪৩। | [illegible], সাঃ [illegible] | [signature] |
| ৪৪। | [illegible] | [signature] |